Shm-0101007031/2023 " মা বিপদতারিনী " G-0101007062/2023

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL K 344177

13/12/2023
20,000
Pvt. Deni
Q-2003069052/2023

**বিক্রয় কোবালা দলিল := থানা বাঁকুড়া।**

**পৌরসভা এলাকাধীন সম্পত্তি।**

**বিক্রীত সম্পত্তির মূল্য ৪৯,৯৯,০০০/- টাকা।**

Certified that the document is admitted to registration. The signature sheet and the endorsement sheets attached with document are the part of this Document.

District Sub-Registrar
Bankura

14 DEC 2023

Bani Palit
Saswati Kar Palit

**কোবালা গ্রহীতা:=** শ্রী গৌতম দত্ত, পিতা স্বর্গীয় ননী গোপাল দত্ত, পেশা – ব্যবসা, ধর্ম - হিন্দু ভারতীয় নাগরিক, সাকিম – যোগীপাড়া বাঁকুড়া, পোষ্ট, থানা ও জেলা – বাঁকুড়া, পিন নং ৭২২১০১।

শ্রী শীতাংশু চন্দ্র মুখোপাধ্যায়

বর্ত্তমানে হাল এল.আর মাপে উক্ত ৭৮৯ নং দাগের সম্পত্তি প্রমোদ কুমারী পালিত এর

শ্রী শীতাংশু মুখোপাধ্যায়

২৬৩১৮ দলিল

ক্রমিক নং- ২৬৩১
ইঃ তাং ১২/১২/২০২৩
নাম শ্রী সৌতম দত্ত
বাসস্থান লোকপুর
থানা বাঁকুড়া জেলা বাঁকুড়া

শ্রী দেবদাস মুখার্জী
বাঁকুড়া সদর স্ট্যাম্প ভেন্ডার

Bani Palit

Bani Palit

ver-1336

Saswati Kar Palit

ver-1337

District Sub-Registrar
Bankura

13 DEC 2023

Sakti Prasad Palit
S/o Late Joyanty Kumar Palit
School Danga
P.O. Bankura Dist Bankura

ver-1338

Bani Palit
Saswati Kar

( ২ )

**কোবালা দাতা** := ১। শ্রীমত্যা বানী পালিত, স্বামী – স্বর্গীয় দেবীপ্রসাদ পালিত, পেশা - গৃহস্থালী জাতি - হিন্দু ভারতীয় নাগরিক, সাকিম – স্কুলডাঙ্গা বাঁকুড়া, পোষ্ট, ও জেলা – বাঁকুড়া, পিন নং ৭২২১০১। ২। শ্রীমতী শাশ্বতী কর পালিত, পিতা – স্বর্গীয় দেবীপ্রসাদ পালিত, স্বামী শ্রী প্রবীর কর, পেশা – গৃহস্থালী, জাতি - হিন্দু ভারতীয় নাগরিক, সাকিম – শ্রীপল্লী মেমারী, পোষ্ট ও থানা - মেমারী, জেলা – পূর্ব্ব বর্দ্ধমান, পিন নং ৭১৩১৪৬।

কস্য খোস বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগে বিবরন এই যে, থানা বাঁকুড়া সামীল বাঁকুড়া পৌরসভার ১০ নং ওয়ার্ডের অন্তর্গত স্কুলডাঙ্গা হইতে রামপুর রাস্তার লাগাও থানাওয়ার ২১১ নং বাঁকুড়া মৌজার বিগত মেজর সেটেলমেন্টের ৩৪২৯ নং খতিয়ান ভুক্ত সাবেক ৪৪৮ নং দাগে ৮ কাঠা জায়গা চন্দ্র ভুষন দত্ত এর পুত্র সুজয় গোপাল দত্তের নিকট হইতে ১৯২৬ সালে ৩৯৯৪ নং কোবালা দলিল দ্বারা তৎকালীন রামপুর বাঁকুড়া নিবাসী যশোদা নন্দন সরকার এর পত্নী শ্রীমতী কিরনবালা দাসী খরিদ করেন। তৎপর তাহাতে গৃহাদী নির্ম্মান পূর্ব্বক খাসে বসবাস করাকালীন তিনি শ্রীমতী প্রমোদ কুমারী পালিত বরাবর বাঁকুড়া রেজিষ্ট্রী অফিসের ১৯৪৮ সালে রেজিষ্ট্রীকৃত ১১০ নং দানপত্র দলিল দ্বারা সম্যক সম্পত্তি দান করিয়া দেন এবং দানীয় সম্পত্তি হইতে চিরনিঃস্বত্ত্ব ও দখলচ্যুত হয়েন। যাহা বিগত আর.এস রেকর্ড কালে সাবেক ৪৪৮ নং দাগ ভুক্ত সম্পত্তি ৩৪২৯ নং খতিয়ান হইতে খন্ড খতিয়ান ৪৩৯১ নং খতিয়ানে ৪৪৮/৬৭৬০ নং দাগ উল্লেখে প্রমোদ কুমারী পালিত নাম বরাবর যথাযথ ভাবে রেকর্ড ভুক্ত হইয়া থাকে। প্রমোদ কুমারী পালিত নিজ প্রাপ্ত সম্পত্তিতে বসবাস কালীন উক্ত সম্পত্তি তাহার নাম বরাবর যথাযথ ভাবে হাল এল.আর মাপে ৭৮৯ নং দাগ উল্লেখে ০.১৩ একর উল্ল্যেখে ১, ষোলাআনা হাল দাগ ভুক্ত হইয়া তাহার স্বত্ত্বলিপি জনসমক্ষে প্রচারিত ও প্রকাশিত হয়। উক্ত সম্পত্তি মধ্যে ১৯৬৯ সালে ঐ বাঁকুড়া রেজিষ্ট্রী অফিসের ১১৪৭৩ নং দানপত্র দলিল দ্বারা মনিকা পালিত বরাবর ০.০২৮ একর দান করিয়া দেন। তৎপরে প্রমোদ কুমারী পালিত লোকান্তর গমন করেন। উক্ত মনিকা পালিত তাহার দানপত্র মূলে প্রাপ্তীয় সম্পত্তি তিনি ইংরাজি ১৯৭৬ সালের ৪ ঠা ডিসেম্বর তারিখে ১১৮১২ নং রেঃকৃত দানপত্র দলিল মূলে তাহার সহোদর ভ্রাতা দেবী প্রসাদ পালিত ও শক্তি প্রসাদ পালিত বরাবর দান করিয়া দেন। যাহার ফলে উক্ত সি.এস ৪৪৮ নং দাগ হইতে আর.এস ৪৪৮/৬৭৬০ নং দাগ যাহা হাল এল.আর ৭৮৯ নং দাগের সম্পত্তি উক্ত প্রমোদ কুমারী পালিত এর ওয়ারিশান বিধায় নাম বরাবর রেকর্ড ভুক্ত হয়। বর্ত্তমানে হাল এল.আর মাপে উক্ত ৭৮৯ নং দাগের সম্পত্তি প্রমোদ কুমারী পালিত এর

শ্রীশীতাংশু
চন্দ্র মুখোপাধ্যায়

ওয়ারিশ দুই পুত্র ও দুই কন্যা বরাবর হাল এল.আর মাপে রেকর্ড ভুক্ত হয়। যথা মনিকা পালিত, পিতা জয়ন্তী কুমার পালিত (বৈবাহিক সূত্রে মনিকা সরকার) এর নামে এল.আর মাপে ১০১৬ নং খতিয়ানে এবং দেবী প্রসাদ পালিত নাম বরাবর ঐ বাঁকুড়া মৌজার এল.আর মাপে ১১১৮৮ নং খতিয়ানে এবং রূপলেখা ঘোষের নাম বরাবর ঐ বাঁকুড়া মৌজার এল.আর মাপে ১১২৬ নং খতিয়ানে ও শক্তি প্রসাদ পালিত এর নামে ঐ বাঁকুড়া মৌজার এল.আর মাপে ১১৫১ নং খতিয়ানে রেকর্ড ভুক্ত হয় এবং প্রত্যেকে নিজ নিজ অংশ মোতাবেক জায়গাতে নিজ স্বত্ত্বে খাসে স্বত্ত্বাধিকারী ও স্বত্ত্বাধিকারিনী হয় ও হয়েন। তাহাদের প্রাপ্ত বাঁকুড়া পৌরসভার ১০ নং ওয়ার্ডের ইদগামহল্লা স্থিত উক্ত বাস্তু গৃহাদী ২৬১ নং হোল্ডিং ভুক্ত বাস্তু সম্পত্তিতে অংশ মোতাবেক স্বত্ত্ববতী ও স্বত্ত্ববান থাকেন। তৎপরে উক্ত মনিকা পালিত, পিতা জয়ন্তী কুমার পালিত (বৈবাহিক সূত্রে মনিকা সরকার) এর নামে এল.আর মাপে ১০১৬ নং খতিয়ানে রেকর্ড ভুক্ত সম্পত্তি তাহার লোকান্তে তাহার ওয়ারিশ স্বামী সুজিত কুমার সরকার ওর্ফে সুজিত সরকার ও পুত্র সৈকত সরকার দুইজনাতে প্রাপ্ত হইয়া খাস স্বত্ত্বে স্বত্ত্ববান থাকা অবস্থায় গত ইংরাজি ২০২৩ সালের ২৪ শা এপ্রিল তারিখে তাহাদের সম্পাদিত ও বাঁকুড়া এ.ডি.এস.আর অফিসে ইংরাজি ২৫/০৪/২০২৩ তারিখে রেজিষ্ট্রীকৃত ১৯৯৯/২৩ নং দানপত্র দলিল দ্বারা আমি অত্র দলিলের ১ নং দাত্রী শ্রীমত্যা বানী পালিত, স্বামী স্বর্গীয় দেবীপ্রসাদ পালিত, আমার বরাবর দান করিয়া দেন এবং দানীয় সম্পত্তি হইতে চিরনিঃস্বত্ত্ব দখলচ্যুত হয়েন। উক্ত সম্পত্তি বর্ত্তমান হাল এল.আর মাপে ১৯০৮4 নং খতিয়ানে হাল এল.আর ৭৮৯ নং দাগে ০.১৯৬২ অংশে ০.০২৫৫ একর আমার ১ নং দাত্রী নাম বরাবর রেকর্ড ভুক্ত হয়।

এবং উক্ত প্রকারে প্রাপ্ত দেবীপ্রসাদ পালিত নামিত এল.আর ১১১৮৮ নং খতিয়ান ভুক্ত সম্পত্তি দেবীপ্রসাদ পালিত এর লোকান্তে তস্য ওয়ারিশ আমি ১ নং দাত্রী তাহার ত্যক্ত উক্ত খতিয়ান ভুক্ত সম্পত্তির অর্দ্ধাংশ কাত আমি ১ নং দাত্রী পত্নী বিধায় এবং আমি ২ নং দাত্রী তস্য ওয়ারিশ কন্যা বিধায় অর্দ্ধাংশ কাত সম্পত্তি প্রাপ্ত হইয়াছি ও নিজ নিজ অংশ মোতাবেক প্রাপ্তীয় ভূমি ও বাস্তুতে দখলকার আছি।

এমত প্রকারে প্রাপ্ত থানা বাঁকুড়া সামীল বাঁকুড়া পৌরসভার ১০ নং ওয়ার্ডের অন্তর্গত স্কুলডাঙ্গা হইতে রামপুর রাস্তার লগাও থানাওয়ার ২১১ নং বাঁকুড়া মৌজার বিগত মেজর সেটেলমেন্টের ৩৪২৯ নং খতিয়ান ভুক্ত সি.এস ৪৪৮ নং দাগ যাহা আর.এস ৪৪৮/৬৭৬০ নং দাগ বর্ত্তমান এল.আর মাপে ৭৮৯ নং দাগে উক্ত দেবীপ্রসাদ পালিত (১ নং দাত্রী স্বামী ও ২ নং দাত্রীর পিতা) পিতা দেবী প্রসাদ পালিত নাম উল্লেখে ১১১৮৮ নং খতিয়ান ভুক্ত

হাল এল.আর ৭৮৯ নং দাগে বাস্তু মোট পরিমান ০.১৩ একর ইহার ০.৩০৩৮ অংশে ০.০৩৯৫ একর রেকর্ড ভুক্ত আছে।

এবং আমার ২ নং দাত্রীর নিজ প্রাপ্ত উক্ত দাগের ১৯০৮৪ নং খতিয়ান ভুক্ত ০.০২৫৫ একর, এমতে দুইটি খতিয়ানে সর্ব্বমোট উক্ত ৭৮৯ নং দাগে ০.১৩ একরের অর্দ্ধাংশ কাত ০.০৬৫ একর বাস্তু জমিন ও মায় তদুপরিস্থ স্বসাজ একতলা সিমেন্টের মেঝেযুক্ত ৫০ বৎসরের অধিক পুরাতন বসবাসের ১৫০০ বর্গফুট বিশিষ্ট গৃহাদীর অর্দ্ধাংশ কাত ৭৫০ বর্গফুট গৃহাদীতে আমরা দাত্রীগন নিজ নিজ অংশ মোতাবেক স্বত্ত্ববতী মতে দখলকারিনী আছি ও বর্ত্তমানে দখল করিতেছি।

এক্ষনে আমাদের খাস দখলীয় থানা বাঁকুড়া সামীল বাঁকুড়া পৌরসভার ১০ নং ওয়ার্ডের অন্তর্গত স্কুলডাঙ্গা হইতে রামপুর রাস্তার লাগাও থানাওয়ার ২১১ নং বাঁকুড়া মৌজার বিগত মেজর সেটেলমেন্টের ৩৪২৯ নং খতিয়ান ভুক্ত সাবেক ৪৪৮ নং দাগ যাহা বর্ত্তমান হাল এল.আর মাপে ১৯০৮৪ নং ও ১১১৮৮ নং খতিয়ান ভুক্ত হাল এল.আর ৭৮৯ নং দাগে রেকর্ড ভুক্ত, এমতে উক্ত দুইটি খতিয়ানে সর্ব্বমোট উক্ত ৭৮৯ নং দাগে ০.১৩ একরের অর্দ্ধাংশ কাত ০.০৬৫ একর বাস্তু জমিন ও মায় তদুপরিস্থ স্বসাজ একতলা সিমেন্টের মেঝেযুক্ত ৫০ বৎসরের অধিক পুরাতন বসবাসের ১৫০০ বর্গফুট বিশিষ্ট গৃহাদীর অর্দ্ধাংশ কাত ৭৫০ বর্গফুট গৃহাদী আমাদের নিজ নিজ অংশ মোতাবেক জায়গা সহ গৃহাদী আমরা দাত্রী দ্বয় একত্রে একযোগে আমাদের নিজ নিজ টাকার বিশেষ প্রয়োজনে বৈধকারনে বিক্রয় করিবার ঘোষনা প্রচার করিলে আপনি তাহা খরিদ করিতে ইচ্ছুক হইলে আপনাকে নিম্ন তপশীলে বর্নিত ০.০৬৫ একর বাস্তু ভূমি মায় স্বসাজ ৭৫০ বর্গফুট বিশিষ্ট বসবাসের গৃহাদী **৪৯,৯৯,০০০/- উনপঞ্চাশ লক্ষ নিরানব্বই হাজার** টাকা মূল্যে অত্র কোবালা দলিল দ্বারা আমরা আপানাকে বিক্রয় করিয়া দিলাম এবং বিক্রীত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ত্ব সামিত্ত্ব অধিকার দাবী দাওয়া ছিল তাহাতে অদ্যকার তারিখ হইতে আমরা মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তক্রমে চিরকালের জন্য সম্পূর্নরুপে সর্ব্বতোভাবে চিরনিঃস্বত্ত্ব ও দখলচ্যুত হইলাম। আমাদের বিক্রীত সম্পত্তিতে অদ্যকার তারিখ হইতে তুমি সম্পূর্নরুপে স্বত্ত্ববান মতে দান, বিক্রয় সর্ব্বপ্রকার হস্তান্তরাদির মালিক হইয়া বিক্রীত সম্পত্তির বাবদ দেয় হারহারি মত খাজনা সন সন উপরিস্থ মালিক বরাবর আদায় দিয়া বিক্রীত সম্পত্তির নিজ নামে রেকর্ড করতঃ ও উক্ত ভূমির উপর দন্ডায়মান একতলা বসবাসের গৃহাদীতে বসবাস মতে বা উক্ত গৃহাদী ভাঙ্গিয়া নতুন বহুতল গৃহাদী নির্ম্মান করতঃ ও তাহাতে বসবাস মতে ও বিক্রীত সম্পত্তির পূর্ব্ব দিকস্থ ৩০ ফুট প্রস্থ

Bani Pulit
Saswati Kar Pulit

স্কুলডাঙ্গা হইতে রামপুর রাস্তায় যাতায়াত মতে ও জল নিকাশ মতে নির্ম্মিত গৃহাদীতে বসবাস মতে ও ইলেকট্রীক অফিসে আমাদের নামের পরিবর্ত্তে আপনার নিজ নামে ইলেকট্রীক সংযোগ করতঃ ও বাঁকুড়া পৌরসভায় আমাদের নামের পরিবর্ত্তে নিজ নামে হোল্ডিং করতঃ বিক্রীত সম্পত্তি খাস দখলে দখল অধিকার করিয়া ও করাইয়া চিরকাল ওয়ারিশান ও স্থলাভিষিক্ত ক্রমে পরমসুখে ভোগদখল ও অধিকারাদী করিতে থাকিবে। ভবিষ্যতে বিক্রীত সম্পত্তি সম্বন্ধে কোনোদিন আমরা কিম্বা আমাদের ওয়ারিশান কি স্থলাভিষিক্তগন কেহ কখনও অত্র বিক্রীত সম্পত্তির উপর কোনো রকম দাবী দাওয়া কি ওজর আপত্তি কিছু মাত্র করিতে পারিব না ও পারিবে না করিলেও তাহা গ্রাহ্য হইবে না। প্রকাশ থাকে যে বিক্রীত সম্পত্তি সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিলাম। এতদর্থে আমি আপন খুশীতে স্বেচ্ছায় সরলমনে অত্র বিক্রীত সম্পত্তির মূল্যের টাকা নগদে ও ব্যাঙ্ক চেক মারফৎ বুঝিয়া পাইয়া অত্র কোবালা পত্র দলিল লিখিয়া দিলাম। ইতি বাংলা সন ১৪৩০। ২৬ শা অগ্রহায়ন, ইংরাজী ২০২৩ দুই হাজার তেইশ সালের তারিখ ১৩ তের ডিসেম্বর।

**=: তপশীল : =**

**১ নং দাত্রীর তপশীল:=**

১। জেলা, কালেক্টেরী, রেজিষ্ট্রি, সাবরেজিষ্ট্রি অফিস ও থানা বাঁকুড়া সামীল বাঁকুড়া পৌরসভার ১০ নং ওয়ার্ডের অন্তর্গত স্কুলডাঙ্গা হইতে রামপুর রাস্তার লাগাও থানাওয়ার ২১১ নং বাঁকুড়া মৌজার বিগত মেজর সেটেলমেন্টের ৩৪২৯ নং খতিয়ান ভুক্ত সি.এস ৪৪৮ নং দাগ যাহা আর.এস ৪৪৮/৬৭৬০ নং দাগ যাহা বর্ত্তমান হাল এল.আর মাপে আমার নামিত ১৯০৮৪ নং খতিয়ান ভুক্ত হাল এল.আর ৭৮৯ নং দাগে বাস্তু মোট পরিমান ০.১৩ একর সম্পত্তি যাহার মাপ উত্তর সীমায় পূর্ব্বপশ্চিমে ৪৬'-০০" ফুট তৎস্থান হইতে উত্তরাভিমুখে ৩'-০০" ফুট যাইয়া ঐ উত্তর সীমায় পূর্ব্বপশ্চিমে ১১২'-০০" ফুট। দক্ষিন সীমায় পূর্ব্বপশ্চিমে ৪৩'-০০" ফুট তৎস্থান হইতে উত্তরাভিমুখে ৩'-০০" ফুট যাইয়া ঐ দক্ষিন সীমায় পূর্ব্বপশ্চিমে ১১০'-০০" ফুট। পূর্ব্ব সীমায় উত্তরদক্ষিনে ৩৭'-০০" ফুট। পশ্চিম সীমায় উত্তরদক্ষিনে ৩৫'-০৬" ফুট। যাহার চৌহর্দ্দি উত্তরে – সাবেক এ গৌরী কুমার দে এর আর.এস ৪৪৮ নং দাগের জায়গা বর্ত্তমানে এল.আর দাগ ৭৮৬ নং দাগ। দক্ষিনে – মৃগেন্দ্র নাথ দে এর পাকা বাড়ী যাহা এল.আর ৭৮৮ নং ৭৯০ নং দাগ। পূর্ব্বে – ৩০'-০০" ফুট প্রস্থ বিশিষ্ট বাঁকুড়া স্কুলডাঙ্গা পাকা রাস্তা। পশ্চিমে – সাবেক এ গৌরী কুমার দে এর জায়গা বর্ত্তমানে এল.আর ৭৮৬ নং দাগ। উক্ত মাপ ও চৌহর্দ্দী ভুক্ত ০.১৩ একর জায়গার

০.১৯৬২ অংশে ০.০২৫৫ একর বা ২.৫৫ শতক সম্যক ভূমি মায় তদুপরিস্থ স্বসাজ একতলা সিমেন্টের মেঝেযুক্ত ৫০ বৎসরের অধিক পুরাতন বসবাসের ১৫০০ বর্গফুট বিশিষ্ট গৃহাদীর মধ্যে আমার প্রাপ্তীয় অংশ মোতাবেক ২৭৩ বর্গফুট গৃহাদী সহ সম্যক সম্পত্তি আমি ১ নং দাত্রী আপনাকে বিক্রয় করিলাম।

**১ ও ২ নং নং দাত্রীর যৌথ তপশীল:=**

ঐ থানা ও ঐ মৌজা সামীল বিগত মেজর সেটেলমেন্টের ৩৪২৯ নং খতিয়ান ভুক্ত সি.এস ৪৪৮ নং দাগ যাহা আর.এস ৪৪৮/৬৭৬০ নং দাগ যাহা হাল এল.আর মাপের ১১১৮৮ নং খতিয়ান ভুক্ত হাল এল.আর ৭৮৯ নং দাগে বাস্ত মোট পরিমান ০.১৩ একর সম্পত্তি যাহার মাপ উত্তর সীমায় পূর্ব্বপশ্চিমে ৪৬'-০০" ফুট তৎস্থান হইতে উত্তরাভিমুখে ৩'-০০" ফুট যাইয়া ঐ উত্তর সীমায় পূর্ব্বপশ্চিমে ১১২'-০০" ফুট। দক্ষিন সীমায় পূর্ব্বপশ্চিমে ৪৩'-০০" ফুট তৎস্থান হইতে উত্তরাভিমুখে ৩'-০০" ফুট যাইয়া ঐ উত্তর সীমায় পূর্ব্বপশ্চিমে ১১০'-০০" ফুট। পূর্ব্ব সীমায় উত্তরদক্ষিনে ৩৭'-০০" ফুট। পশ্চিম সীমায় উত্তরদক্ষিনে ৩৫'-০৬" ফুট। যাহার চৌহর্দ্দি উত্তরে – সাবেক এ গৌরী কুমার দে এর আর.এস ৪৪৮ নং দাগের জায়গা বর্ত্তমানে এল.আর দাগ ৭৮৬ নং দাগ। দক্ষিনে – মৃগেন্দ্র নাথ দে এর পাকা বাড়ী যাহা এল.আর ৭৮৮ নং ৭৯০ নং দাগ। পূর্ব্বে – ৩০'-০০" ফুট প্রস্থ বিশিষ্ট বাঁকুড়া স্কুলডাঙ্গা পাকা রাস্তা। পশ্চিমে – সাবেক এ গৌরী কুমার দে এর জায়গা বর্ত্তমানে এল.আর ৭৮৬ নং দাগ। উক্ত মাপ ও চৌহর্দ্দী ভুক্ত হাল এল.আর ৭৮৯ নং দাগে বাস্ত মোট পরিমান ০.১৩ একর ইহার ০.৩০৩৮ অংশে ০.০৩৯৫ একর সম্যক ভূমি মায় তদুপরিস্থ স্বসাজ একতলা সিমেন্টের মেঝেযুক্ত ৫০ বৎসরের অধিক পুরাতন বসবাসের ১৫০০ বর্গফুট বিশিষ্ট গৃহাদীর মধ্যে আমাদের প্রাপ্তীয় অংশ মোতাবেক ৪৭৭ বর্গফুট গৃহাদী সহ সম্যক সম্পত্তি আমরা অত্র দলিলের ১ ও ২ নং দাত্রী দ্বয় একত্রে আপনাকে বিক্রয় করিলাম।

এমতে দুইটি খতিয়ানে উক্ত হাল ৭৮৯ নং দাগে ০.১৩ একরের অর্দ্ধাংশ কাত ০.০৬৫ একর বাস্ত জমিন ও মায় তদুপরিস্থ স্বসাজ একতলা সিমেন্টের মেঝেযুক্ত ৫০ বৎসরের অধিক পুরাতন বসবাসের ১৫০০ বর্গফুট বিশিষ্ট গৃহাদীর অর্দ্ধাংশ কাত ৭৫০ বর্গফুট গৃহাদী যাহা অত্র দলিলের সহিত দাখিলীকৃত একাংশগন্য নক্সায় লাল বর্ণের রেখা দ্বারা বেষ্টিত নক্সার আর্দ্ধাংশ হইতেছে তাহা আমরা আপনাকে অত্র কোবালা দলিল দ্বারা উপরোক্ত মত আপনাকে বিক্রয় করিলাম। ইহা রায়ত দখলী স্বত্ত্ব।

Barni Palit
Saswati Kar Palit



সনাতি ধার্যিত হারহারি খাজনা পশ্চিমবঙ্গ সরকার বাহাদুরের পক্ষে সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, বাঁকুড়া ১ নং মহাশয় নিয়মিত ভাবে আদায় পাইবেন।

Barni Palit

-: **ইসাদী** :-

অত্র কোবালা দলিলের সহিত অতিরিক্ত একটি পৃথক পৃষ্ঠায় দাতা ও গ্রহীতার পাশপোর্ট সাইজ ছবি সহ প্রত্যকের দুই হাতের প্রতিটি আঙ্গুলের টিপ ছাপ প্রত্যয়িত হইল। ইহা অত্র কোবালা দলিলের একাংশ ও অবিচ্ছেদ্য বলিয়া পরিগনিত হইবে।

**: খসড়া প্রস্তুত কারক :**

শ্রী শীতল চন্দ্র মুখোপাধ্যায়
সাং বাঁকুড়া L.NO-৬১

**: মুদ্রণে :**

সোমেশ প্রামানিক
(সোমেশ প্রামাণিক)
সাং বাঁকুড়া।

Sakti Prasad Palit
S/O Late Joyanty Kumar Palit
School Danga
P.O. Bankura Dist. Bankura.

Asit Baran Sural
S/O Lt. Malin Bikash Sural.
7/16 Anandapuri Coop. H.S.Ltd.
Durgapur-713213,
West Burdwan.

[illegible]
সাং [illegible]
বাঁকুড়া

# -: SALE PLAN :-

**SCALE :1"= 33' 0"**

**MOUZA :- BANKURA , J.L. NO:- 211 ,**

**C.S. PLOT NO :- 448 , R.S. PLOT NO :- 448/6760 ,**

**L.R. PLOT NO :- 789 , UNDER BANKURA**

**MUNICIPALITY , WARD NO :- 10 ,**

**HOLDING NO :- 261 , P.S. + DIST:- BANKURA .**

**SITE PLAN**

**MOUZA :- BANKURA , J.L. NO:- 211 ,**

AS PER R.S. MOUZA MAP




AS PER L.R. MOUZA MAP






* TOTAL AREA = 0.13 ACRE OR 5741 SQFT.
OR
7 KATHA 15 CHHATAK 26 SQFT.

* WITH TOTAL CONST. = 1500 SQFT. (GROUND FLOOR )

* SALE AREA IS $\frac{1}{2}$ OF RED AREA = 0.065 ACRE OR 2870.5 SQFT.

* WITH CONST. = 750 SQFT. (GROUND FLOOR)

* SALE AREA IS $\frac{1}{2}$ OF RED PORTION




| VENDOR'S SIGNATURE | VENDEE NAME |
|---|---|
| Bani Palit<br>Saswati Kar Palit | GOUTAM DUTTA |

DRAWN BY
RASAMAY PARAMANIK
SURVEY-AMIN
Reg. No.-835/95

দাখিলকারক ও দাতা ঃ



| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা | |
|---|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | | বামহাত |
| ডানহাত | | | | | | ডানহাত |

দাতা / গ্রহীতা নাম........বাণী পালিত........স্বাক্ষর Bani Palit........



| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা | |
|---|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | | বামহাত |
| ডানহাত | | | | | | ডানহাত |

দাতা / গ্রহীতা নাম........শাশ্বতী কর পালিত........স্বাক্ষর Saswati Kar Palit........



| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা | |
|---|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | | বামহাত |
| ডানহাত | | | | | | ডানহাত |

দাতা / গ্রহীতা নাম........গৌতম দত্ত........স্বাক্ষর Goutam Dutta........

ফটো

| | বৃদ্ধাঙ্গুল | তর্জ্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা | |
|---|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | | বামহাত |
| ডানহাত | | | | | | ডানহাত |

দাতা / গ্রহীতা নাম........................................স্বাক্ষর........................................

**Government of West Bengal**

**Department of Finance (Revenue) , Directorate of Registration and Stamp Revenue**

**OFFICE OF THE D.S.R. BANKURA, District Name :Bankura**

**Signature / LTI Sheet of Query No/Year 01012003069052/2023**

**I. Signature of the Person(s) admitting the Execution at Private Residence.**

| Sl No. | Name of the Executant | Category | Photo | Finger Print | Signature with date |
|---|---|---|---|---|---|
| 1 | Mrs Bani Palit Schooldanga, Bankura, City:- Bankura, P.O:- Bankura, P.S:-Bankura, District:-Bankura, West Bengal, India, PIN:- 722101 | Seller |  | 1336 | Bani Palit |

| Sl No. | Name of the Executant | Category | Photo | Finger Print | Signature with date |
|---|---|---|---|---|---|
| 2 | Smt Saswati Kar Palit Shripally Memari, City:- Memari, P.O:- Memari, P.S:-Memari, District:- Purba Bardhaman, West Bengal, India, PIN:- 713146 | Seller |  | 1337 | Saswati Kar Palit |

| Sl No. | Name and Address of identifier | Identifier of | Photo | Finger Print | Signature with date |
|---|---|---|---|---|---|
| 1 | Mr Sakti Prasad Palit Son of Late Joyanty Palit Schooldanga, Bankura, City:- Bankura, P.O:- Bankura, P.S:- Bankura, District:- Bankura, West Bengal, India, PIN:- 722155 | Mrs Bani Palit, Smt Saswati Kar Palit |  | 1338 | Sakti Prasad Palit |

(Subhankar Pal)

District Sub-Registrar
Bankura

Query No:-01012003069052/2023, 13/12/2023 06:32:36 PM BANKURA (D.S.R.)

13 DEC 2023

Certificate of Registration under section 60 and Rule 69.

Registered in Book - I

Volume number 0101-2023, Page from 124281 to 124300

being No 010107062 for the year 2023.

Seal of the District Sub Registrar, Bankura, District Bankura

Digitally signed by SUBHANKAR PAL
Date: 2023.12.14 15:22:20 +05:30
Reason: Digital Signing of Deed.

**(Subhankar Pal) 14/12/2023**
**DISTRICT SUB-REGISTRAR**
**OFFICE OF THE D.S.R. BANKURA**
**West Bengal.**